# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৭৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আল্লাহর কাছে দু‘আ করার সময় আঙ্গুল দিয়ে ইশারা করার বিবরণ

ذِكْرُ وَصْفِ الْإِشَارَةِ لِلْمَرْءِ بِإِصْبَعِهِ عِنْدَ إِرَادَتِهِ الدُّعَاءَ لِلَّهِ جَلَّ وَعَلَا

---

আরবী

879 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ عَنْ حُصَيْنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عُمَارَةَ بْنِ رُوَيْبَةَ: أَنَّهُ رَأَى بِشْرَ بْنَ مَرْوَانَ رَافِعًا يَدَيْهِ عَلَى الْمِنْبَرِ فَقَالَ: قَبَحَ اللَّهُ هَاتَيْنِ الْيَدَيْنِ لَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا يَزِيدُ عَلَى أن يقول بيده كذا ـ وأشار بإصبعه المسبحة.
الراوي : عُمَارَةَ بْنِ رُوَيْبَةَ اا المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 879 | خلاصة حكم المحدث:. صحيح ـ

বাংলা

৮৭৯. উমারাহ বিন রুওয়াইবাহ থেকে বর্ণিত তিনি বিশর বিন মারওয়ানকে মিম্বারে দুই হাত উঠিয়ে দু‘আ করতে দেখে বলেন, “আল্লাহ এই হাত দুটিকে ধ্বংস করুন। নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, তিনি হাত দিয়ে এভাবে ইশারা করে বলা ছাড়া আর বেশি কিছু করতেন না। এরপর উমারা তাঁর শাহাদাহ অঙ্গুলি দিয়ে ইশারা করে দেখান।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/১৪৭/১৪৮; সহীহ মুসলিম: ৮৭৪; মুসনাদ আহমাদ: ৪/১৩৬; দারেমী: ১/৩৬৬; আবূ দাঊদ: ১১০৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০১২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উমারাহ ইবনে রুবিয়্যাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89382

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন